

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফজরের আগে দুই রাকাত সালাতের কিরা'আতে যা পাঠ করতেন তার বর্ণনা

ذِكْرُ مَا كَانَ يَقْرَأُ بِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الرَّكْعَتَيْنِ قَبْلَ الْفَجْرِ

আরবী

2450 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا عَمْرُو بْنُ مُحَمَّدِ النَّاقِدُ حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزَّبَيْرِيُّ حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزَّبَيْرِيُّ حَدَّثَنَا أَبُو أَخْمَدَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ سُفْيَانُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ مُجَاهِدٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: رَمَقْتُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَهْرًا فَكَانَ يَقْرَأُ فِي الرَّكْعَتَيْنِ قَبْلَ الفجر بـ {قل يا أيها الكافرون} [الكاقرون: 1] و {قل هو الله أحد} [الإخلاص: 1]

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2450 ا خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((صحيح أبي داود)) (1142).

قَالَ أَبُو حَاتِمٍ: سَمِعَ أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْأَسَدِيُّ هَذَا الْخَبَرَ عَنِ التَّوْرِيِّ وَإِسْرَائِيلَ وَشَرِيكٍ عَنْ أَبِي إِسْحَاقَ فَمَرَّةً كَانَ يُحَدِّثُ بِهِ عَنْ هَذَا وَأُخْرَى عَنْ ذَاكَ وَتَارَةً عَنْ ذَا.

বাংলা

২৪৫০. আপুল্লাহ বিন উমার রাদ্য়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এক মাস লক্ষ্য করেছি, তিনি ফজরের দুই রাকা আত সালাতে قل يا أيها الكافرون (আপনি বলুন, হে কাফিরগণ। -সূরা কাফিরন।) , قل هو الله أحد (বলুন, আল্লাহ এক। সূরা ইখলাস: كا) পাঠ করতেন ।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটি আবূ আহমাদ যুবাইরী মুহাম্মাদ বিন আব্দুল্লাহ আল আসাদী সুফিয়ান সাওরী, ইসরাঈল ও শারীকের কাছে শ্রবণ করেছেন। তারা হাদীসটি আবূ ইসহাক থেকে বর্ণনা



করেছেন। কাজেই আবূ আহমাদ যুবাইরী মুহাম্মাদ বিন আব্দুল্লাহ আল আসাদী কখনো হাদীসটি এই ব্যক্তি থেকে, কখনো ঐ ব্যক্তি থেকে আবার কখনো তৃতীয়জন থেকে বর্ণনা করেছেন।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৯৪; তিরমিযী: ৪১৭; ইবনু মাজাহ: ১১৪৯; নাসাঈ: ২/১৭০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৭৯০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৪২; তাবারানী: ১৩৫২৮; সহীহ মুসলিম: ৭২৬; আবূ দাউদ: ১২৫৬; ইবনু মাজাহ: ১১৪৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন